১৩। পিউটরিয়াল স্কুল, কোচিং সেন্টার, ইত্যাদিও নিবন্ধন ফি ঃ পরিষদ এলাকায় পরিচালিত নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লেখিত টিউটরিয়াল স্কুল বা কোচিং সেন্টারের উপর নিবন্ধন ও নিবন্ধন নবায়নের ক্ষেত্রে কলাম ৩ এ ফি উল্লেখিত হারে।

| ক্রমিক নং | টিউটরিয়াল স্কুল বা কোচিং সেন্টারের বিবরণ | নিবন্ধন/নবায়ন ফি এর পরিমাণ(টাকা) |
|---|---|---|
| | (১) টিউটরিয়াল স্কুল | ২,০০০.০০৮ |
| | (২) কোচিং সেন্টার | ২,৫০০.০০৮ |
| | (৩) বেসরকারী কেজি স্কুল(বাংলা/ইংরেজি মিডিয়াম) | ৩,০০০.০০৮ |

১৪। বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউট, ইত্যাদির নিবন্ধন ফি ঃ পরিষদ এলাকায় পরিচালিত নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লেখিত বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউট, ইত্যাদির নিবন্ধনও নিবন্ধন নবায়নের ক্ষেত্রে কলাম ৩ এ উল্লেকিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা ঃ

'টেবিল'

| ক্রমিক নং | বিবরণ | নিবন্ধন/নবায়ন ফি এর পরিমাণ(টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | (১) ক্লিনিক (২) প্যারামেডিকেল ইনস্টিটিউট (৩) বেসরকারী হাসপাতাল | প্রযোজ্য নয় |

তবে শর্ত থাকে যে, উক্তরূপ হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউট সম্পূর্ণভাবে দাতব্য পতিষ্ঠান হইরে পরিষদ উহাদের নিবন্ধন ফি ও নবায়ন ফি মওকুফ করা হইবে।

১৫। গ্রাম পুলিশের সম্মানীর জন্য কর ঃ গ্রাম পুলিশের সম্মানীর জন্য ইমারত বা ভুমির বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ২(দুই) টাকা হারে রেইট আদায় করা হবে।

১৬। বাজার কর ঃ পরিষদ এলাকায় হাট/বাজার ইজারা মূল্যের শতকরা ১(এক) টাকা হারে ইজারাদারের উপর কর আরোপ করা যাইবে।

১৭। ব্যবসা, বৃত্তি বা পেশার জন্য পরিষদ কতৃক প্রদত্ত লাইসেন্স এবং পারমিটের উপ ফি ঃ পরিষদ এলাকায় যে কোন ধরণের ব্যাবসা, বৃত্তি বা পেশা পরিচালনার জন্য লাইসেন্স বা পারমিট ফি এবং নবায়ন ফি এর পরিমাণ সর্বোচ্চ ২০০.০০৮ টাকা।

১৮। পাকা ইমারত নির্মানের অনুমোদন ফি ঃ পরিষদ এলাকায় পাকা ইমারত নির্মানের পরিকল্পণা অনুমোদনের জন্য প্রতি বর্গফুটের উপর সর্বোচ্চ ১(এক) টাকা হারে কর আদায় করা হইবে।

উল্লেখিত আদর্শ কর তফশিল/২০১৩ এর উপর ভিত্তি করে ট্যাক্স ধার্যের প্রপোজাল ফরম 'ক' প্রস্তত ও নিম্ন লিখিত ভাবে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রনয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহ আতাউর রহমান)
চেয়ারম্যান
৪নং বড়ভিটা ইউনিয়ন পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।